

WISDOM



Editor
Dr. Dipti Chakraborti

WISDOM

The Journal of Philosophy

Vol.: I | Number: 1 | September, 2023

Chief Patron

Dr. Sima Chakrabarti

Editor

Dr. Dipti Chakraborti

Co-Editors & Reviewer

Mandira Ghosh

Biplab Ch. Sarkar

Madhumita Chatterjee

Joyita Banerjee



MAHARANI KASISWARI COLLEGE

Department of Philosophy

W I S D O M
The Journal of Philosophy

Editor
Dr. Dipti Chakraborti

© Maharani Kasiswari College

The moral rights of the authors have been asserted.

All rights reserved. This Journal, or parts thereof, may not be reproduced in any form or by any means, electronic or mechanical, including photocopying, recording or any information storage and retrieval system now known or to be invented, without written permission from the editor.

ISBN: 978-81-19574-38-4

Year of Publication: October, 2023

Published by
ROHINI NANDAN
19/2, Radhanath Mallick Lane, Kolkata - 700 012
E-mail: rohininandanpub@gmail.com
Visit us at: www.rohininandan.com

Design by Avijit Karmakar

Printed at
Rohini Nandan Publication Division

Opinions expressed in the articles are solely the responsibility of authors / contributors and are not be attributed to the Editor and Publisher.

সূচিপত্র

চরিত্রের গুণ	১১
ডঃ দীপ্তি চক্রবর্তী	
ধর্ম কী, এবং কেন?	১৭
ডঃ সংযুক্তা বসু	
স্বামী বিবেকানন্দের বেদান্তভাবনায়: 'প্রাত্যহিক জীবন ও বেদান্তদর্শন'	২৩
অনন্যা মজুমদার	
রবীন্দ্রনাথ ও গান্ধীর দর্শন ভাবনায় অস্পৃশ্যতা	২৭
বিপ্লব চন্দ্র সরকার	
বৌদ্ধ মতে মানব ধর্ম	৩৩
মধুমিতা চ্যাটার্জী	
ভারতীয় চিন্তাধারায় বৌদ্ধ দর্শন	৩৭
তপতী সাহা	
ভারতীয় দর্শনে ধর্মের "অর্থ"	৪০
জগদা রায়	
রাবীন্দ্রিক কবিতায় লালন ফকিরের দার্শনিক ভাবনার অনুরণন	৪৭
শুক্লা সরকার দাস	
ভ্রূণ এক মানব চেতনা	৫২
সংগীতা দাস	
Cognitive Protocol Model in Combating the Covid 19 Pandemic without Pandemonium	৫৯
Dr. Arnab Kumar Mukhopadhyay	
How to Deal with Pandemic Situation in The light of Buddhist Ethics?	৬৪
Mandira Ghosh	
An Evaluative Stance of Foundationalism and Coherentism as Theories of Epistemic Justification	৭২
Joyita Banerjee	

বৌদ্ধ মতে মানব ধর্ম

মধুমিতা চ্যাটার্জী

S.A.C.T. দর্শন বিভাগ, মহারাণী কাশীশ্রী কলেজ

খ্রীষ্টপূর্ব ষষ্ঠ শতকে হিমালয়ের পাদদেশে কপিলাবস্তু নগরে শাক্য বংশের এক রাজপরিবারে বৌদ্ধ ধর্মের প্রতিষ্ঠাতা গৌতম বুদ্ধের জন্ম হয়। তাঁর পিতা ছিলেন শুক্লোধন এবং মাতা ছিলেন মায়াদেবী। বুদ্ধদেব যে সময় জন্মগ্রহণ করেছিলেন সেই সময় এক আধ্যাত্মিক অস্থিরতা চারিদিকে বিরাজ করছিল, সমাজ প্রাচীন ধর্মের বন্ধন থেকে ক্রমশ বিচ্যুত হচ্ছিলো। ব্রাহ্মণদের জীবিকার সঙ্গে যুক্ত যজ্ঞ ও বিভিন্ন আচার অনুষ্ঠান তখন বিশেষভাবে বৃদ্ধি পেয়েছিল। শাস্ত্রের প্রতি আনুগত্য দেবভক্তির স্থান অধিকার করে নিয়েছিল। প্রাকবৌদ্ধ যুগে তিন ধরনের চিন্তাধারা লক্ষ্য করা যেত। এক, মানুষের যেকোন কাম্য বস্তু লাভের জন্য যাগযজ্ঞের অনুষ্ঠান সম্পাদনা। দুই, উপনিষদের বাণী-ব্রহ্মই পরম তত্ত্ব ও আত্মাই একমাত্র শাস্ত্রত সত্য। তিন, স্থায়ী সত্তা বা নিয়ম বলে কিছু নেই। একদিকে শাস্ত্রের প্রতি অন্ধ আনুগত্য অপরদিকে কর্মের অপেক্ষা পরমতত্ত্বের জ্ঞানকে শ্রেষ্ঠতর হিসেবে বিবেচনা করা, এই দুই ধরনের ভাবধারার সংঘাতের সন্ধিক্ষণেই বুদ্ধদেবের আবির্ভাব হয়। তিনি কোন চরম বা পরম তত্ত্বে বিশ্বাস করেননি। তাঁর হৃদয় ব্যাথিত হয়েছিল মানুষের দুঃখ-দুর্দশা দেখে। বুদ্ধদেব উপলব্ধি করেছিলেন যে কোন বাহ্যিক অনুষ্ঠান এবং পরম তত্ত্বের জ্ঞান মানুষের মুক্তির পথ উন্মুক্ত করতে পারে না। তিনি উপনিষদীয় কর্মকাণ্ড ও ব্রহ্মবাদের যুক্তিতর্কে আবদ্ধ হননি এবং জড়বাদ ও নাস্তিকতার দার্শনিক সমস্যা নিয়েও মাথা ঘামাননি। বুদ্ধদেবের ভাবনা-চিন্তায় স্থান অধিকার করেছিল সাধারণ মানুষ। পৃথিবীর মানুষের দুঃখ, সেই দুঃখের কারণ, দুঃখের নিরোধ এবং দুঃখ নিরোধের উপায় এই চারটি মহান সত্য তিনি উপলব্ধি করেন এবং মানব জাতিকে উপহার দেন মুক্তির বার্তা। ধীরে ধীরে কুসংস্কারের অন্ধকার সরিয়ে দিয়ে সূর্যোদয় ঘটে এবং স্বার্থলোভী ধূর্ত ব্রাহ্মণদের অপকৌশল দূরীভূত হতে থাকে। প্রতিষ্ঠা পায় মানব মহিমা।

ভারতীয় চিন্তাভাবনার আমূল পরিবর্তন লক্ষ্য করা যায়। বুদ্ধদেবের উন্নত চিন্তা ভাবনা ভারতের সমাজ, রাজনীতি, সংস্কৃতি এবং বিশেষ করে ধর্ম জীবনকে আলোড়িত করেছিল। কেবল ভারতেই নয় ভারতের বাইরে এশিয়া মহাদেশের অন্তর্গত বিভিন্ন দেশগুলোকে বুদ্ধদেবের চিন্তাধারা নানাভাবে প্রভাবিত করেছিল।